

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪৭১

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - আশ্রয় প্রার্থনা করা

আরবী

وَعَن قُطْبةَ بْنِ مَالِكٍ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ مُنْكَرَاتِ الْأَخْلَاق والأعمال والأهواء» . رَوَاهُ التِّرْمِذِي

বাংলা

২৪৭১-[১৫] কুত্ববাহ্ ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম (দু'আ) বলতেন, ''আল্ল-হুম্মা ইনী আ'উযুবিকা মিন্ মুনকারা-তিল আখলা-কি, ওয়াল আ'মা-লি, ওয়াল আহ্ওয়া-য়ি'' (অর্থাৎ- হে আল্লাহ! আমি তোমার কাছে মন্দ স্বভাব, অসৎ কাজ ও খারাপ আশা-আকাঙ্খা হতে আশ্রয় চাই)। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] সহীহ: তিরমিযী ৩৫৯১, সহীহ আল জামি' ১২৯৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: "মুনকার" বলা হয় ঐ কথা ও কাজকে শারী'আতের দৃষ্টিতে যার কোন ভাল গুণ নেই অথবা শারী'আতের দৃষ্টিতে যার খারাপ দিক স্পষ্ট। "আখলাক" বলতে অপ্রকাশ্য কর্মকে বুঝায়। যেমন- বিদ্বেষ, হিংসা, ঘৃণা, কৃপণতা, কাপুরুষতা বা এ জাতীয় কোন কর্মকান্ড। মন্দ চরিত্র থেকে আশ্রয় চাওয়া হচ্ছে এজন্যে যে, এগুলো সকল খারাপকে টেনে আনে এবং সকল ভালকে দৃরে ঠেলে দেয়।

মন্দ কাজ বলতে সকল সগীরাহ্ ও কাবীরাহ্ গুনাহের কাজ। যেমন- হত্যা, ব্যভিচার, মদপান, চুরি ইত্যাদি বুঝানো হচ্ছে।

মন্দ আকাঙ্খা বা মন্দ প্রবৃত্তি বলতে কুরআন ও সুন্নাহ বর্জিত যে কোন ভ্রান্ত 'আক্বীদাহ্-বিশ্বাসকে বুঝানো হচ্ছে। যেমন- জাবারিয়্যাহ্, কদারিয়্যাহ্, খারিজী, শী'আ বা তাদের মতো অন্যান্য প্রবৃত্তির অনুসারীদের 'আক্বীদাহ্। এগুলো



থেকে আশ্রয় চাইতে বলা হচ্ছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন